দৈনিক ইত্তেফাক

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 22 DEC 1988
পৃষ্ঠা 1 কলাম 6

031

# গফরগাঁও ডিগ্রী পরীক্ষা কেন্দ্র ও ডিগ্রী পরীক্ষা বাতিল

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

ঢাকা ভার্সিটি কর্তৃপক্ষ গফরগাঁও ডিগ্রী পরীক্ষা কেন্দ্র এবং এই কেন্দ্রে অনুষ্ঠিত ডিগ্রী পরীক্ষা বাতিল ঘোষণা করিয়াছেন। গতকাল (বুধবার) এক প্রেস বিজ্ঞপ্তিতে ভার্সিটি কর্তৃপক্ষ জানান, গত

(২য় পৃ: দ্র:)

## গফরগাঁও

(১ম পৃ: পর)

মঙ্গলবার ভার্সিটি হইতে পরীক্ষা নিয়ন্ত্রক ও সহকারী প্রক্টর উক্ত কেন্দ্র পরিদর্শনকালে অবাধে নকল চলিতেছে দেখিতে পান। কেন্দ্রে কর্তব্যরত ম্যাজিস্ট্রেট ও অন্যদের স্বীকারোক্তি অনুযায়ী জানা যায়, ইতিপূর্বেও এই কেন্দ্রে অবাধে নকল চলিয়াছে। এই পরিপ্রেক্ষিতে কর্তৃপক্ষ পরীক্ষা পরিচালনা সংক্রান্ত বিধিবিধানের ১৯ ধারা অনুযায়ী গফরগাঁও ডিগ্রী কেন্দ্রের চলতি ডিগ্রী পাস ও সাবসিডিয়ারী পরীক্ষা এবং উক্ত পরীক্ষা কেন্দ্র বাতিল ঘোষণা করিয়াছেন।